[redacted]

[redacted]

গাংনী সীমান্তে ৯ লাখ টাকার ভারতীয় মদ ও ডেক্সামেথাসন ট্যাবলেট উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া সীমান্ত থেকে ৯ লাখ ৭ হাজার ৫০০ টাকা মূল্যের ভারতীয় মদ ও ডেক্সামেথাসন ট্যাবলেট উদ্ধার করেছে ৪৭ বিজিবি।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) ভোরে তেঁতুলবাড়িয়া বিওপির দায়িত্বপূর্ণ এলাকার হাটপাড়া নামক স্থানে সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালায় বিজিবির একটি টহল দল। ৪৭ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল রাশেদ কামাল রনি এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছেন।

অভিযানে মালিকবিহীন অবস্থায় ৫ বোতল ভারতীয় মদ ও ৩ হাজার পিস ডেক্সামেথাসন ট্যাবলেট উদ্ধার করা হয়। বিজিবি জানায়, উদ্ধারকৃত মাদকদ্রব্যের আনুমানিক সিজার মূল্য ৯ লাখ ৭ হাজার ৫০০ টাকা।

উদ্ধার করা মালামাল গাংনী থানায় জমা দেওয়া হয়েছে। এ ঘটনায় থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

কুষ্টিয়ার মিরপুরে ৯ বোতল মদসহ গ্রেপ্তার ১

কুষ্টিয়ার মিরপুরে অভিনব কৌশলে লুকিয়ে রাখা দেশি-বিদেশি মদ উদ্ধার করেছে পুলিশ। একই সঙ্গে মাদক ব্যবসার অভিযোগে লিংকন (৩২) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। ঘটনাটি উপজেলার বারুইপাড়া ইউনিয়নের ঢেপাহাটি গ্রামে।

রোববার (২৭ জুলাই) বিকেল আনুমানিক ৩টার দিকে মিরপুর সার্কেলের সিনিয়র সহকারী পুলিশ সুপার মাহমুদুল হক মজুমদারের নেতৃত্বে

পরিচালিত বিশেষ অভিযানে মিরপুর থানা পুলিশ লিংকনকে গ্রেপ্তার করে। তিনি ঢেপাহাটি গ্রামের মৃত কুদ্দুসের ছেলে এবং পেশায় একজন সাউন্ড বক্স মেকানিক।

পুলিশ সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে লিংকনের বাড়ি ঘেরাও করে তল্লাশি চালানো হয়। তল্লাশির একপর্যায়ে বাড়িতে জ্বালানি হিসেবে রাখা বাঁশের পাতার স্তূপের ভেতর বিশেষভাবে লুকিয়ে রাখা অবস্থায় কেরু অ্যান্ড কোম্পানির রপ্তানিযোগ্য ৬ বোতল দেশি মদ এবং বিদেশি কোম্পানির ৩ বোতল মদ উদ্ধার করা হয়। পরে ঘটনাস্থল থেকেই লিংকনকে গ্রেপ্তার করা হয়।

এ বিষয়ে মিরপুর সার্কেলের সিনিয়র সহকারী পুলিশ সুপার মাহমুদুল হক মজুমদার জানান, কুষ্টিয়ার পুলিশ সুপার মোহাম্মদ জসীম উদ্দীনের সার্বিক নির্দেশনায় মিরপুর সার্কেল এলাকায় নিয়মিত মাদকবিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। এরই ধারাবাহিকতায় গোপন সংবাদের ভিত্তিতে লিংকনের বাড়িতে অভিযান চালিয়ে মোট ৯ বোতল দেশি-বিদেশি মদ উদ্ধার করা হয়েছে।

তিনি আরও জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে লিংকন স্বীকার করেছেন যে, তিনি দীর্ঘ তিন বছর ধরে গোপনে মদ বিক্রির সঙ্গে জড়িত ছিলেন। এ ঘটনায় মিরপুর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে চারজনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। মাদক নির্মূলে মিরপুর ও ইবি থানা এলাকায় পুলিশের বিশেষ অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে তিনি জানান।

দর্শনার ৩৬ বোতল কেরু বাংলা মদসহ একজন আটক

দর্শনার কেরুর ৩৬ বোতল বাংলা মদসহ একজনকে আটক করেছে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ। বুধবার সকাল সাড়ে ৯টার দিকে চুয়াডাঙ্গা এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটককৃত চান্দু মণ্ডল (৪০) চুয়াডাঙ্গা শহরতলীর দৌলতদিয়াড় দক্ষিণপাড়ার মৃত শুকুর আলীর ছেলে।

পুলিশ জানায়, বুধবার সকালে দর্শনা থেকে কেরুর বাংলা মদ নিয়ে চুয়াডাঙ্গার দিকে আসছিল চান্দু মণ্ডল। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ৩৬ বোতল বাংলা মদসহ তাকে আটক করা হয়।

গতকালই তার বিরুদ্ধে মাদক আইনে মামলা দিয়ে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

মুজিবনগরে ডিবি’র অভিযানে ১০ বোতল ভারতীয় মদসহ আটক ১

মেহেরপুরের মুজিবনগরে অভিযান চালিয়ে ১০ বোতল ভারতীয় মদসহ শফিকুল
(৩৩) নামের একজনকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

গতকাল বৃহস্পতিবার রাতের দিকে মুজিবনগর থানাধীন সোনাপুর এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক শফিকুল সোনাপুর মাঝেরপাড়া এলাকার বাসিন্দা এবং তিনি আইয়ুব আলীর ছেলে।

ডিবি সূত্রে জানা যায়, গোপন সূত্রে খবর পেয়ে ওই এলাকায় অভিযান পরিচালনা করে শফিকুলকে আটক করা হয়।

অভিযানের সময় শফিকুলের হেফাজত থেকে ১০ বোতল ভারতীয় মদ উদ্ধার করা হয়। যার বাজার মূল্য আনুমানিক ২০ হাজার টাকা। পরবর্তীতে আটক শফিকুল ও জব্দকৃত আলামতসহ তাকে মুজিবনগর থানায় হস্তান্তর করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তার বিরুদ্ধে একটি মামলা রুজু করা হয়।

এবিষয়ে মেহেরপুর ডিবি ওসি মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী জানান, মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে এবং মাদক কারবারিদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

মহেশপুর সীমান্ত থেকে মদ ও ইয়াবা আটক

ঝিনাইদহের মহেশপুর সীমান্তের কাছে মদ ও ইয়াবা আটক করেছে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)’র একটি টহল দল।

মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)’র সহকারী পরিচালক মুন্সী ইমদাদুর রহমানের স্বাক্ষরিত বিজিবি’র এক প্রেস বিজ্ঞপ্তিতে জানাযায়, মঙ্গলবার (২৭ জানুয়ারি) আনুমানিক ৭.৫০মিনিটের সময় মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধীনস্থ মাটিলা বিওপি’র দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার-৫২/১০-এস হতে আনুমানিক ২০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে মাটিলা মাঠপাড়া গ্রামের মোঃ জাহাঙ্গীর আলম এর ড্রাগন বাগানের মধ্যে হতে হাবিলদার মোঃ শহিদুল ইসলাম এর নেতৃত্বে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে আসামীবিহীন ৩৩ বোতল ভারতীয় মদ উদ্ধার করা হয়।

এছাড়া গত ২৬ জানুয়ারি আনুমানিক ২১.৩৫ ঘটিকায় মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধীনস্থ গশেপুর বিওপি’র দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার-৬৭ এমপি হতে আনুমানিক ৩০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে গোয়ালপাড়া গ্রামের ঘাটপাড়া নামক স্থানে মোঃ শাহজাহান এর চায়ের দোকানের সামনে ইটের হেয়ারিং রাস্তার উপর হতে হাবিলদার সঞ্জয় কুমার সিংহ এর নেতৃত্বে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে আসামীবিহীন ৭৩ পিচ ভারতীয় ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়।

গাংনীতে বিজিবির অভিযানে মদ-ট্যাবলেট ও পটকা উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর সীমান্তে ভারতীয় মদ, যৌন উত্তেজক ট্যাবলেট ও পটকা উদ্ধার করেছে বিজিবি।

আজ বুধবার রাত দেড়টার দিকে কাজীপুর বর্ডারপাড়া এলাকা থেকে

পরিত্যক্ত অবস্থায় সেগুলো উদ্ধার করা হয়। ৪৭-বিজিবি ব্যাটেলিয়ন প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য নিশ্চিত করেছে।

প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আন্তর্জাতিক সীমান্তের কাজীপুর এলাকার ১৪৬/৪-এস হতে আনুমানিক ৩০ গজ বাংলাদেশের অভ্যন্তরে কাজীপুর বর্ডারপাড়া নামক স্থানে অভিযান পরিচালনা করা হয়।

সুবেদার মোঃ হাবিবুর রহমান এর নেতৃত্বে নিয়মিত টহল দল ওই স্থানে অভিযান পরিচালনা করে। অভিযানে পরিত্যক্ত অবস্থায় ভারতীয় ৩০ বোতল মদ, ৭শ’ পিস সিলডিনাফিল ট্যাবলেট এবং ১১শ’৪০পিচ চকলেট বাজি (পটকা) উদ্ধার করা হয়। যার আনুমানিক মূল্য প্রায় তিন লক্ষ টাকা।

দর্শনায় ৪৬ বোতল ফেনসিডিল ও ৬ বোতল মদসহ দুই সহোদর আটক

চুয়াডাঙ্গা ৬ বিজিবি মাদকবিরোধী অভিযান চালিয়ে ৪৬ বোতল ফেনসিডিল ও ৬ বোতল মদসহ আপন দুই সহোদরকে আটক করেছে।

গতকাল বুধবার সন্ধ্যা ৭টার দিকে দর্শনা আইসিপি ক্যাম্পের হাবিলদার আনন্দ কুমার পণ্ডিতের নেতৃত্বে সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয় দর্শনা জয়নগর সীমান্তের চেকপোস্ট সংলগ্ন মসজিদের পাশের মেহগনি বাগানে। এ সময় বিজিবির টহল দল দুজনকে আটক করে।

তল্লাশির একপর্যায়ে তাদের কাছ থেকে ৪৬ বোতল ভারতীয় ফেনসিডিল ও ৬ বোতল মদ উদ্ধার করা হয়। আটককৃতরা হলেন দর্শনা পৌরসভার জয়নগর গ্রামের কাশেম আলীর দুই পুত্র মনিরুল ইসলাম (৪০) ও সুমন ইসলাম (৩৫)।

বৃহস্পতিবার সকালে দর্শনা আইসিপি ক্যাম্পের হাবিলদার বাদী হয়ে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করেন। পরে থানা পুলিশ তাদের আদালতের মাধ্যমে চুয়াডাঙ্গা জেলা কারাগারে প্রেরণ করে।

দর্শনায় ভারতীয় মদসহ ব্যবসায়ী গ্রেফতার

চুয়াডাঙ্গার দর্শনা আন্তর্জাতিক রেলস্টেশনের ইয়ার্ডে অভিযান চালিয়ে ৯ বোতল ভারতীয় মদসহ চিহ্নিত মাদক ব্যবসায়ী আব্দুর রউফ বাবুকে প্রেপ্তার করেছে দর্শনা থানা পুলিশ।

গতকাল সোমবার দিবাগত রাতে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত সআব্দুর রউফ বাবু একজন দর্শনা রেল বাজারের ষ্টেশনারী ব্যাবসায়ী ও দর্শনা ইসলাম বাজার এলাকার মৃত রুস্তম আলীর ছেলে।

পুলিশ জানায়, দর্শনা থানার উপ পরিদর্শক (এস আই) মাসুদুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে রেল স্টেশন এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করছিলেন। এসময় আব্দুর রউফ বাবুকে তল্লাশি করা হয়।

এসময় তার কাছে থাকা ব্যাগ থেকে ছয় বোতল ভারতীয় রয়েল স্ট্যাগ সুপিরিয়র হুইস্কি, দুই বোতল ম্যাক-ডোলস লাক্সারী ব্লেন্ডার হুইস্কি ও এক বোতল ইম্পেরিয়াল ব্লু সুপিরিয়র হুইস্কি উদ্ধার করা হয়।

পুলিশ আরও জানায়, উদ্ধারকৃত বিদেশী মদ গুলোর অনুমানিক বাজার মূল্য ৫৫ হাজার টাকা। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য আইনে মামলা রুজু করা হয়েছে। গতকালই তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করা হয়েছে।

দামুড়হুদায় মাদকদ্রব্যসহ আটক-

১, জেল-জরিমানা

দামুড়হুদা বাসস্ট্যান্ড এলাকায় মদ রাখার অপরাধে এক ব্যক্তিকে ৭ দিনের কারাদণ্ড ও ৩০০ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। আজ বুধবার দুপুর সাড়ে ১২টার দিকে এ দণ্ডাদেশ প্রদান করেন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কে এইচ তাসফিকুর রহমান।

দণ্ডিত ব্যক্তি হলেন, দামুড়হুদা উপজেলার গোবিন্দহুদা গ্রামের আব্দুল হান্নানের ছেলে মোঃ আশরাফুল ইসলাম (৪২)।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, দামুড়হুদা মডেল থানার এসআই শ্রী উত্তম কুমার দামুড়হুদা বাসস্ট্যান্ড এলাকায় তল্লাশির সময় আশরাফুল ইসলামের কাছ থেকে একটি প্লাস্টিকের বোতলে প্রায় ৩০০ মিলি মদসহ মদ্যপান করা অবস্থায় তাকে আটক করেন।
পরবর্তীতে দামুড়হুদা বাসট্যান্ড এলাকায় ভ্রাম্যমাণ আদালত বসিয়ে অভিযুক্তকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(৫) ধারা

অনুযায়ী ৩০০ টাকা জরিমানা আদায় এবং ৭ দিনের কারাদণ্ডের আদেশ দেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কে এইচ তাসফিকুর রহমান। দণ্ডপ্রাপ্ত আশরাফুল ইসলামকে পরবর্তীতে চুয়াডাঙ্গা জেলা কারাগারে প্রেরণ করা হয়েছে।